

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
থানা সেন্টার প্ল্যানিং-২
www.udd.gov.bd

...

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.১৪

তারিখ: ৮ ভাদ্র, ১৪২৪

২৩ আগস্ট, ২০১৭

বিষয়: “পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্প” বাস্তবায়নের জন্য ৩.৪৭৬৩ একর ভূমি স্থায়ী
অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তর এর অনাপত্তি পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: তাহার দপ্তরের স্মারক নং- ৫৪.০১.০০০০.৬৩১.৩১.০১৬.১৫-৪৮৭, তারিখঃ
১০/০৮/২০১৭ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, “পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্প” বাস্তবায়নের জন্য ঢাকা জেলার ডেমরা থানাধীন জুরাইন, শ্যামপুর, কদমতলী এবং কেরানীগঞ্জ উপজেলাধীন কাতুইয়াইল, ব্রাহ্মণগাঁও, পূর্ব বাঘের, বীর বাঘের, কোণ্ডা, বাজা ও পশ্চিমদী মৌজায় সর্বমোট কমবেশি ৩.৪৭৬৩ (তিন দশমিক চার সাত ছয় তিন) একর ভূমি স্থায়ী অধিগ্রহণের জন্য অনাপত্তি পত্র প্রদানের অনুরোধ করা হয়। প্রস্তাবিত জমি বিষয়ে প্রশাসনিক অনুমোদন এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক অনাপত্তি পত্র থাকায় প্রস্তাবিত জমি অধিগ্রহণে সরকারী প্রয়োজন ও জনস্বার্থে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো। শর্ত সমূহ নিম্নরূপঃ

১। প্রস্তাবিত এলাকায় জলাভূমি থাকায়, “মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল এলাকার খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০” অনুসরণ করতে হবে।

২। প্রস্তাবিত এলাকায় বিভিন্ন অবকাঠামো থাকায় এ বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি পত্র প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতীত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।



২০১৭-০৮-২৩

মো. তানভীর হাসান রেজাউল
প্ল্যানার

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), প্রকল্প পরিচালকের
কার্যালয়, পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্প বাংলাদেশ
রেলওয়ে, রেলভবন, ঢাকা।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.১৪/১(৬)


তারিখ: ৮ ভাদ্র, ১৪২৪

২৩ আগস্ট, ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল,

১) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর

- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর [পত্র অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ]।
৪) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
৫) প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
৬) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর (হার্ড কপি প্রেরণ ও নথিতে সংরক্ষণের অনুরোধসহ)।



২০১৭-০৮-২৩

মো. তানভীর হাসান রেজাউল
প্ল্যানার